বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ
১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬
ফোন- ০১৭৬৯-৭২১০০৭, ফ্যাক্স- ০৯৬০৬২৪৮২৪৮
ই-মেইল: dean.feos@bsmrmu.edu.bd ওয়েবঃ www.bsmrmu.edu.bd

# সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনলাইনে গ্রহণের নীতিমালা

## ভূমিকাঃ

১। কোভিড-১৯ পরিস্থিতির মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু থাকলেও স্নাতকোত্তর পর্যায়ে এপ্রিল ২০২০ ও অক্টোবর ২০২০ এবং স্নাতক (সম্মান) পর্যায়ে জানুয়ারি-জুন ২০২০ ও জুলাই-ডিসেম্বর ২০২০ সেমিস্টারের পরীক্ষা গ্রহণ সম্ভব হয় নাই। বর্তমান পরিস্থিতিতে স্ব-শরীরে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থেকে পরীক্ষা গ্রহণের বিষয়টি অনিশ্চিত হয়ে পড়ছে এবং উল্লিখিত সেমিস্টারের প্রায় সকল কোর্সের তত্ত্বীয় ক্লাস অনলাইনে সম্পন্ন হওয়া সত্ত্বেও ফাইনাল পরীক্ষা গ্রহণ করতে না পারায় একাডেমিক জটিলতার সৃষ্টি হয়েছে যার ফলশ্রুতিতে শিক্ষার্থীদের শিক্ষাজীবন ব্যাপক ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। এ অবস্থা নিরসনকল্পে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনলাইনে গ্রহণের ব্যাপারে একটি গাইডলাইন প্রস্তুত করা আবশ্যক।

২। সে মোতাবেক ইউজিসির নির্দেশনার আলোকে ডিন'স, কমিটি পরীক্ষা নিয়ন্ত্রক ও পরিচালক আইসিটি সেন্টার এর সহায়তায় একটি খসড়া নীতিমালা প্রণয়ন করেন। মানোনীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় ও বিশ্ববিদ্যালয়ের উচ্চপদস্থ কর্মকর্তা ও সকল শিক্ষকবৃন্দের উপস্থিতিতে জুম প্লাটফর্মে একটি ভার্চুয়াল সভায় ডিন'স কমিটির সভাপতি ২৭ মে ২০২১ তারিখে উক্ত খসড়া নীতিমালার উপর একটি প্রেজেন্টেশন প্রদান করেন। সভায় উপস্থিত সকলের সুচিন্তিত মতামত ও ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দিকনির্দেশনার আলোকে খসড়া নীতিমালাটি হালনাগাদ করা হয়।

৩। সংশোধিত নীতিমালাটি একাডেমিক কাউন্সিলের ৩১ তম সভায় উপস্থাপন করা হলে কিছু সংশোধনীসহ অনুমোদিত হয়। সে আলোকে সংশোধিত খসড়া নীতিমালাটি চুড়ান্ত করা হয়।

## পরীক্ষা গ্রহণ পদ্ধতি

৪। কোভিড-১৯ পরিস্থিতিতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে স্থগীতকৃত পরীক্ষাসমূহ অনলাইনে নিম্নবর্ণিত উপায়ে সম্পন্ন করতে হবেঃ

(ক) স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনলাইনে ভিন্ন ভিন্ন সময়ে গ্রহণ করতে হবে।

(খ) প্রতিদিন সর্বোচ্চ ০২ (দুই) শিফটে পরীক্ষা গ্রহণ করতে হবে। প্রতি শিফটে সর্বচ্চ ০২ (দুই) টি প্রোগ্রামের পরীক্ষা গ্রহণ করা যাবে।

(গ) সেমিস্টার ফাইনাল পরীক্ষার ব্যাপ্তি ০২ ঘন্টা নির্ধারণ করতে হবে।

(ঘ) অনলাইনে সেমিস্টার ফাইনাল পরীক্ষা গ্রহণের সর্বমোট বরাদ্দকৃত ৬০ নম্বারের মধ্যে ৪০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ ও ২০ নম্বরের ভাইভা পরীক্ষা গ্রহণ করতে হবে।

(ঙ) পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর হতে পরীক্ষার রুটিন প্রকাশ করতে হবে।

(চ) আন্তর্জাতিক মান বজায় রেখে প্রশ্নপত্র যথাসম্ভব এমসিকিউ ও সৃজনশীল এর মাধ্যমে প্রণয়ন করতে হবে। এ ব্যাপারে স্ব-স্ব বিভাগের পরীক্ষা কমিটি প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।

(ছ) লিখিত পরীক্ষা শেষে খাতা দেখার কার্যক্রম সম্পন্ন হলে সংশ্লিষ্ট ডিনের সাথে সমন্বয়পূর্বক পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রদত্ত সময়সূচি অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়নকারীগণ সম্পূর্ণ কোর্সের উপর অনলাইনেবিষয়ভিত্তিক ভাইভা গ্রহণ করবেন।

(জ) ভাইভার সময়সীমা শিক্ষার্থী প্রতি ১০-১৫ মিনিট নির্ধারিত হবে।

পরীক্ষা অংশগ্রহণের আবেদন

৫। শিক্ষার্থীদের সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীতা নিশ্চিত করার ক্ষেত্রে নিম্নবর্ণিত উপায়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম ফিলআপ কার্যক্রম সম্পন্ন করতে হবেঃ

(ক) সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটর পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের সহিত সমন্বয় করতঃ পরীক্ষায় অংশগ্রহণের আবেদনপত্র শিক্ষার্থীদের নিকট ই-মেইলের মাধ্যমে প্রেরণ করবেন।

(খ) পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্তে শিক্ষার্থীরা স্ব-হস্তে পূরণকৃত আবেদনপত্র (পরীক্ষার ফি জমাদানের প্রমাণকসহ) স্ব-স্ব কোর্স কো-অর্ডিনেটরের নিকট জমা প্রদান করবেন। উল্লেখ্য যে, অনলাইন পরীক্ষার ফি সংক্রান্ত বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃক যথাসময়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

(গ) কোর্স কো-অর্ডিনেটরবৃন্দ বিভাগীয় প্রধানগণের সংশ্লিষ্ট কার্যাদি সমাপ্ত করতঃ আবেদনপত্র পুনরায় পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করবেন।

(ঘ) পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন শেষে কোর্স কো-অর্ডিনেরটরবৃন্দের মাধ্যমে শির্ক্ষার্থীদেরকে প্রবেশপত্র সরবরাহ করবেন।

প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন এবং উত্তরপত্র মূল্যায়ণ

৬। প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন এবং উত্তরপত্র মূল্যায়ণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষায়াদি অনুসরণ করতে হবেঃ

(ক) পরীক্ষা পরিচালনা বিধি মোতাবেক সেমিস্টার ফাইনাল পরীক্ষার জন্য গঠিত পরীক্ষা কমিটি প্রশ্নপত্র প্রণয়নকারীর নাম সুপারিশ করবেন।

(খ) পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমোদন সাপেক্ষে প্রশ্নপত্র প্রণয়নকারীগণ প্রশ্নপত্র প্রণয়ন করবেন।

(গ) প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মে ০২ (দুই) জন পরীক্ষক (১ম পরীক্ষক এবং ২য় পরীক্ষক) হতে প্রাপ্ত প্রশ্নপত্রসমূহ বিভাগীয় পরীক্ষা কমিটির মাধ্যমে মডারেশন করতে হবে।

(ঘ) পরীক্ষা কমিটির সভাপতি মডারেশনকৃত প্রশ্নপত্রের একটি হার্ডকপি ও ডাবল পাসওয়ার্ড প্রোটেকশনসহ সফটকপি পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট জমা প্রদান করবেন।

(ঙ) পরীক্ষা নিয়ন্ত্রক মডারেশনকৃত প্রশ্নপত্র পরীক্ষার দিন সংশ্লিষ্ট চীফ ইনভিজিলেটরের নিকট হস্তান্তর করবেন।

(চ) পরীক্ষা পরিচালনা বিধি মোতাবেক সংশ্লিষ্ট পরীক্ষকগণ উত্তরপত্র মূল্যায়ন করবেন।

প্রশ্নপত্র আপলোড ও উত্তরপত্র প্রেরণ

৭। যেহেতু সেমিস্টার ফাইনাল পরীক্ষা একটি বিশেষ পরিস্থিতিতে অনলাইন পদ্ধতিতে পরিচালনা করতে হবে সেহেতু পরীক্ষার সময়ে শিক্ষার্থীদের মাঝে প্রশ্নপত্র সরবরাহ ও পরীক্ষার্থী কর্তৃক উত্তরপত্র জমাদানের ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

(ক) পরীক্ষা নিয়ন্ত্রক পরীক্ষা শুরুর ২০ মিনিট পূর্বে প্রস্তুতকৃত প্রশ্নপত্রের সফটকপি প্রধান পরিদর্শককে প্রদান করবেন। প্রধান পরিদর্শক পরীক্ষা শুরুর ১০ মিনিট পূর্বে নির্দিষ্ট সময়ে জুম প্লাটফর্ম ও বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ই-মেইলের মাধ্যমে প্রশ্নপত্র শিক্ষর্থীদেরকে সরবরাহ করবে।

(খ) প্রশ্নপত্র প্রাপ্তির পর প্রত্যেক শিক্ষার্থীকে A4 সাইজের সাদা কাগজে প্রশ্নপত্রের উত্তর প্রদান করবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীকে স্ব-স্ব উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় পৃষ্ঠা নম্বর প্রদান করতে হবে এবং কাভার পেজে উত্তর পত্রের মোট পৃষ্ঠা সংখ্যা লিখতে হবে। **উল্লেখ্য যে কাভারপেজ বলতে অত্র বিশ্ববিদ্যালয়ের লোগো সম্বলিত উত্তর পত্রের প্রথম পৃষ্টাকে বোঝানো হয়েছে যেটির সফট কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের** ডাউনলোড মেনু থেকে ডাউনলোড করা যাবে।

(গ) পরীক্ষার নির্ধারিত সময় শেষ হওয়ার পরবর্তী ১৫ মিনিটের মধ্যে প্রত্যেক শিক্ষর্থীকে স্ব-স্ব উত্তরপত্রের ছবি তুলে (স্ক্রিনশট/স্ক্যান কপি) পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর হতে প্রদত্ত নির্ধারিত ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক আইসিটি সেন্টার এ সংক্রান্ত ব্যাচ ভিত্তিক পৃথক পৃথক ই-মেইল আইডি তৈরী করবেন এবং সকল ই-মেইল আইডি পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট পাওয়ার্ড প্রোটেক্টেড অবস্থায় থাকবে।

(ঘ) ই-মেইলের মাধ্যমে উত্তরপত্র প্রাপ্তির পর চীফ ইনভিজিলেটর, পরীক্ষা নিয়ন্ত্রক ও পরিচালক আইসিটি সেন্টার এর সমন্বয়ে গঠিত কেন্দ্রীয় সেল উত্তরপত্র প্রিন্ট করতঃ পরীক্ষা নিয়ন্ত্রককে প্রদান করবে। এ ব্যাপারে প্রয়োজন বোধে পরীক্ষা নিয়ন্ত্রক পৃথক পৃথক সেল গঠন করবেন।

(ঙ) পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর হতে প্রদত্ত নির্ধারিত ই-মেইলে শিক্ষার্থী কর্তৃক প্রেরিত উত্তর পত্রের প্রিন্টিং কাজ পরীক্ষার দিনেই সম্পন্ন করতে হবে।

(চ) পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে উত্তরপত্রের হার্ডকপি সংরক্ষণের নিমিত্তে প্রত্যেক শিক্ষার্থীকে সেমিস্টারে সকল লিখিত পরীক্ষা সমাপ্তির অর্থাৎ সর্বশেষ পরীক্ষা সমাপ্তির ৭ কর্মদিবসের মধ্যে সকল বিষয়ের উত্তর পত্রের হার্ডকপি একত্রে কুরিয়ারের মাধ্যমে/স্ব-শরীরে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করতে হবে।

## ইনভিজিলেশন ও প্রক্টরিং

৮। অনলইনে সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনা করার নিমিত্তে পরীক্ষা পর্যবেক্ষণ/পরিদর্শন কার্যক্রমের অংশ হিসেবে নিম্নলিখিত বিষয়াদি অনুসরণ করতে হবেঃ

(ক) পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে সংশ্লিষ্ট চীফ ইনভিজিলেটর আইসিটি সেন্টারের সহায়তায় সকল পরীক্ষার্থীকে জুম প্লাটফর্মে অংশগ্রহণ নিশ্চিত করবে। পরীক্ষায় যে কোনও পর্যায়ে শিক্ষার্থীরা যাতে অসদুপায় অবলম্বন করতে না পারে তার যথাযথ স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে প্রত্যেক শিক্ষার্থীকে ভিডিও ডিভাইস ও মাইক্রোফোন চালু করে রাখার নির্দেশনা প্রদান করবে।

(খ) চীফ ইনভিজিলেটর পরীক্ষা শুরুর ২০ মিনিট পূর্বে পরীক্ষা পরিচালনার নিয়মাবলী সংক্রান্ত বিষয়ে একটি সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করবে। বক্তৃতায় পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার বিষয়ে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পরিচালনা বিধি মোতাবেক শাস্তি সম্পর্কিত বিষয়াদি শিক্ষার্থীদের অবহিত করবে। এ ব্যাপারে পরীক্ষা নিয়ন্ত্রক একটি লিখিত আদেশ জারি করবেন।

(গ) পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর পরীক্ষা পর্যবেক্ষণ/পরিদর্শন কার্যাবলি সম্পন্ন করার লক্ষ্যে আইসিটি সেন্টারের সহায়তায় প্রতি ১০ জন শিক্ষার্থীকে কম্পিউটার স্ক্রিনে পর্যবেক্ষণ করার উদ্দেশ্যে সর্বনিম্ন ২ জন ইনভিজিলেটর/পরিদর্শক মনোনয়ন করবে। মনোনয়নকৃত ইনভিজিলেটর/পরিদর্শকবৃন্দ কম্পিউটার স্ক্রিনে শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করবে। পরীক্ষাকেন্দ্র পর্যবেক্ষণের নিমিত্তে বিশ্ববিদ্যালয়ের সুবিধাজনক স্থানে ০২ (দুই) টি বড় স্ক্রিন স্থাপন করতে হবে। এছাড়াও সংশ্লিষ্ট পরিদর্শকবৃন্দের জন্য ল্যাপটপের ব্যবস্থা করতে হবে।

(ঘ) পরীক্ষা চলাকালীন পূর্ণ সময় অনলাইন কার্যাদি রেকর্ড করতে হবে। উক্ত রেকর্ড অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করতে হবে।

(ঙ) কোন রকম সন্দেহের উদ্বেগ হলে বিষয়টি তৎক্ষণাৎ পরীক্ষা নিয়ন্ত্রক ও চীফ ইনভিজিলেটরকে অবহিত করতে হবে।

(চ) পরীক্ষা চলাকালীন বিদ্যুৎ বিভ্রাট বা অন্য কোনো পরিস্থিতির উদ্ভুত হলে প্রধান পরিদর্শক তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণ করবে এবং বিষয়টি পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করবে।

(ছ) পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রেজিস্ট্রার মহোদয় প্রয়োজনবোধে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ, ইন্টারনেটের প্রাপ্যতা ও স্পীড নিশ্চিত করার জন্য যথাযথ কর্তৃপক্ষকে অনুরোধ করতে পারেন এবং বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী ও পরিচালক আইসিটি সেন্টারকে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করবে।

(জ) অনলাইনে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের তালিকা, ছবি ও ই-মেইলের মাধ্যমে প্রাপ্ত উত্তর পত্রের সংখ্যা যাচাই পূর্বব চীফ ইনভিজিলেটর পরীক্ষার উপস্থিতির তালিকা (Attendance Sheet) চূড়ান্ত করতঃ পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট জমা প্রদান করবেন।

**ব্যবহারিক ক্লাস ও পরীক্ষা গ্রহণ**

৯। কোভিড-১৯ পরিস্থিতিতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে তত্ত্বীয় বিষয়সমূহ অনলাইনে পাঠদানের মাধ্যমে সম্পন্ন করা হলেও অধিকাংশ ব্যবহারিক কোর্সসমূহ যথাযথ ভাবে সম্পন্ন করা সম্ভব হয়নি। এ প্রেক্ষিতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর প্রোগ্রামসমূহের ব্যবহারিক কোর্স সমূহের সেমিস্টার ফাইনাল পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়াদি অনুসরণ করতে হবেঃ

(ক) যে সকল ব্যবহারিক কোর্সের সিলেবাস ৬০ শতাংশ বা ততোধিক সম্পন্ন হয়েছে এবং যা সম্পূর্ণ ল্যাব নির্ভর নয় সে সকল ব্যবহারিক বিষয়ের মূল্যায়ন কুইজ ও ভাইভা কার্যক্রমের মাধ্যমে অনলাইনে সম্পন্ন করতে হবে। যে সমস্ত ব্যাবহারিক কোর্স ৬০ শতাংশের কম সম্পন্ন হয়েছে সেগুলো যথাসম্ভব অনলাইনে সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, বর্ণিত বিষয়টি কেবল মাত্র বর্তমানে পেন্ডিং (মূলতবীকৃত) পরীক্ষাসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(খ) ব্যবহারিক ক্লাস পরিচালনা এবং মুল্যায়নের ক্ষেত্রে এক্সপেরিমেন্টের ভিডিও সংশ্লিষ্ট বিভাগের ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং এক্সপেরিমেন্ট সংশ্লিষ্ট পুরনো ডাটা সরবরাহ করে শিক্ষার্থীদের সংক্ষিপ্ত রিপোর্ট প্রদান করতে বলতে হবে এবং এর ভিত্তিতে মূল্যায়ন করতে হবে।

(গ) যে সকল ব্যবহারিক কোর্স সম্পূর্ণ ল্যাব নির্ভর এবং অনলাইনে সম্পন্ন করা বা পরীক্ষা গ্রহণ সম্ভব নয় সে সকল কোর্স পরবর্তীতে সুবিধাজনক সময়ে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সম্পন্ন করতে হবে।

**ফিল্ড ট্রিপ ও স্টাডিট্যুর**

১০। যে সকল সেমিস্টারে কোর্স হিসেবে ফিল্ড ট্রিপ অন্তর্ভূক্ত আছে, তা সম্পন্ন করার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়াদি অনুসরণ করা যেতে পারেঃ

(১) ফিল্ড ট্রিপ কোর্সটি সরাসরি ফিল্ড ভিজিটের মাধ্যমে সম্পন্ন করা হলেও বর্তমান কোভিড-১৯ পরিস্থিতির বিবেচনায় রিপোর্ট রাইটিং ও প্রেজেন্টেশন এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।

(২) ফিল্ড ট্রিপ কোর্সটি যদি হাতে কলমে শিক্ষা বা ল্যাব নির্ভর হয় সে ক্ষেত্রে তা পরবর্তীতে সুবিধাজনক সময়ে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সম্পন্ন করতে হবে অথবা পরবর্তী সেমিস্টারে সমন্বয় করতে হবে।

**থিসিস সুপারভিশন**

১১। ল্যাবভিত্তিক নয় এমন থিসিস/প্রজেক্ট অনলাইনে সুপারভাইজ করা যেতে পারে। এক্ষেত্রে থিসিস/প্রজেক্ট-এর হার্ডকপি গৃহীত হওয়ার পর অনলাইনে ডিফেন্স/ভাইভা নেওয়ার মাধ্যমে মূল্যায়ন করা যেতে পারে। ল্যাবভিত্তিক এবং ফিল্ড ডাটা নির্ভর থিসিস/প্রজেক্ট এর সুপারভিশন ও ল্যাব কার্যক্রম স্বাস্থবিধি মেনে ইনপার্সন/অনসাইট বা সম্ভব হলে অনলাইনেও করা যেতে পারে।

অন্যান্য

১২। নীতিমালাটি কেবল অত্র বিশ্ববিদ্যালয়ের জন্য প্রযোজ্য হবে। অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহ তাদের নিজস্ব নীতিমালা অনুযায়ী পরীক্ষা গ্রহণ করবে।

১৩। এই নির্দেশিকাটি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক ও শিক্ষার্থীকে অবহিত করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করতে হবে।

১৪। বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রতিটি শিক্ষার্থীকে ই-মেইল আইডি প্রদান করতে হবে যা বিশ্ববিদ্যালয়ের ডোমেইন এ সংরক্ষিত থাকবে। উক্ত আইডি শিক্ষার্থীদের ছাত্রত্ব শেষ হওয়ার পরও ০১ (এক) বছর বহাল থাকবে।

১৫। উত্তর পত্র আপলোডের ব্যাপারে প্রোগ্রাম, কোর্স এবং শিক্ষার্থীদের রোল নম্বর ও কোর্সের নাম অন্তর্ভূক্ত করে ফাইলিং এর নাম করণ করতে হবে।

গ্রুপ ক্যাপ্টেন মোঃ আকতারুজ্জামান
পরিচালক, আইসিটি সেন্টার, বিএসএমআরএমইউ। -আমন্ত্রিত সদস্য

ক্যাপ্টেন আবু তাহের গোলাম মোহাম্মদ সরকার, বিএন (অবঃ)
পরীক্ষা নিয়ন্ত্রক, বিএসএমআরএমইউ -আমন্ত্রিত সদস্য

ইঃ কমডোর সানাউল নোমান, এনইউপি, পিসিজিএমএস, বিএন
ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গর্ভন্যান্স অ্যান্ড পলিসি -সদস্য

ইঃ কমডোর এম জসিম উদ্দীন, (এইচ), বিএন
ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স -সদস্য

কমডোর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন
ডিন, মেরিটাইম বিজনেস স্ট্যাডিজ অনুষদ -সদস্য

কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন
ডিন, ফ্যাকাল্টি অব শিপিং এ্যাডমিনিস্ট্রেশন -সদস্য

কমডোর এম. জিয়াউদ্দিন আলমগীর, বিএন (অবঃ)
ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি -সভাপতি